

গণস্বাস্থ্য মেডিকেল কলেজ শিক্ষার্থীদের শপথগ্রহণ ও অরিয়েন্টেশন



জাতীয় স্বাস্থ্য সুরক্ষা শপথ গ্রহণ অনুষ্ঠানে গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজের শিক্ষার্থী-শিক্ষকরা। ছবি-সংগৃহীত

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৭ জুন ২০২৫ | ২৩:১৫



গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজের এমবিবিএস ৩০তম ব্যাচের নবাগত শিক্ষার্থীদের শপথগ্রহণ ও অরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার স্মৃতিসৌধে নবীন শিক্ষার্থীদের ভাল মানুষ ও সুচিকিৎসক হওয়ার জন্য পথ নির্দেশক সাতটি শপথ বাক্য পাঠ করান গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. কাজী হাবিবুর রহমান।

শপথ গ্রহণ অনুষ্ঠানে গণস্বাস্থ্য কেন্দ্রের সাবেক সমন্বয়ক ডা. মনজুর কাদির আহমেদ, কমিউনিটি মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. আবুল বাশার, বায়োকেমিস্ট্রি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. শাকিল মাহমুদসহ অন্যান্যের বিভাগের বিভাগীয় প্রধান ও শিক্ষকগণ উপস্থিত ছিলেন। শপথগ্রহণ শেষে গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজের সেমিনার কক্ষে শিক্ষার্থীদের এক অরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। সংবাদ বিজ্ঞপ্তি

বিষয় : শপথ শিক্ষার্থী